**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী,ঢাকা।
www.dghs.gov.bd

নং-স্বাঃঅধিঃ/প্রশা-৪/জনবল নিয়োগ/২০২৬/ ৩৪৫৯ তারিখঃ- 20/04/26

বরাবর,

১। পরিচালক (সকল)......................
২। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)............
৩। উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল).........

বিষয়ঃ-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সারা দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের শুন্য পদে (১৩-১৬তম গ্রেড) জরুরী ভিত্তিতে জনবল নিয়োগ প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে গত ১৪/০৭/২০২ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণের সর্বাধিক সমর্থনপ্রাপ্ত দলের নির্বাচনী ইশতেহার জাতীয় পর্যায়ের প্রতিশ্রুতিতে পরিনত হয়েছে। সেই আলোকে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে নির্বাচনী ইশতেহার অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের জনবলের ঘাটতি পূরণের জন্য ০১ লক্ষ স্বাস্থ্য কর্মী নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিধায়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সারা দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের ১৩-১৬তম গ্রেডের শুন্য পদে নিম্নে বর্নিতভাবে জনবল নিয়োগ প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক) নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮-অনুযায়ী পদোন্নতির মাধ্যমে / সরাসরি নিয়োগের মাধ্যমে সকল শুন্য পদে (১৩-১৬তম গ্রেড) জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে।

খ) বর্তমান সরকার ক্ষমতা গ্রহনের পূর্বে (অর্থাৎ ১০/০২/২০২৬ইং তারিখ পর্যন্ত) যে সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে শুন্য পদে জনবল নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি জারীসহ আবেদন গ্রহণ করা আছে কিন্তু নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয় নাই। উক্ত প্রতিষ্ঠানসমূহ বর্তমান আরও শুন্য পদের ছাড়পত্র গ্রহণসহ নিয়োগ বিজ্ঞপ্তি জারী করবেন এবং ইতিপূর্বে গ্রহণকৃত আবেদনের সহিত সমন্বয় করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

খ) বর্তমান সরকার ক্ষমতা গ্রহনের পূর্বে (অর্থাৎ ১০/০২/২০২৬ইং তারিখ পর্যন্ত) যে সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে শুন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত জটিলতা রয়েছে (মামলা/প্রশাসনিক জটিলতা), সে সকল জটিলতা দুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহন করতে হবে।

গ) নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-১৯৮৫-অনুযায়ী বিভাগীয় কার্যালয়সহ সিভিল সার্জনের নিয়ন্ত্রনাধীন বেশ কিছু স্বাস্থ্য প্রতিষ্ঠানে ১৩তম গ্রেডের প্রধান সহকারী পদ রয়েছে। কিন্তু, নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮-অনুযায়ী উক্ত পদগুলি ১৪তম গ্রেড হিসেবে অন্তর্ভূক্ত থাকায় পদোন্নতির ক্ষেত্রে জটিলতা রয়েছে, বিধায়, ১৪তম গ্রেডে কর্মরত প্রধান সহকারী/ উচ্চমান সহকারী/সমমান পদধারীদের ১৩তম গ্রেডের শুন্য পদগুলিতে নিজ বেতনে/চলতি দায়িত্বে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ) সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের নিয়োগ সংক্রান্ত অগ্রগতির তথ্য ' নির্ধারিত-ছকে ' প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট হার্ডকপিসহ ই-মেইল -hrm@ld.dghs.gov.bd-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

20.4.26

(অধ্যাপক ডাঃ জালাল উদ্দিন মোহাম্মদ রুমী)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।

নং-স্বাঃঅধিঃ/প্রশা-৪/জনবল নিয়োগ/২০২৬/ ৬৪০৯ তারিখঃ- 20/04/26

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :-

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
দৃষ্টি আকর্ষণ-সচিব মহোদয়ের একান্ত সচিব ।

২। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা ।
দৃষ্টি আকর্ষণ-সহকারী পরিচালক (সমন্বয়) ।

৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন),স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা ।

৪। পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা ( বিষয়টি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

৫। পরিচালক (সকল)............ স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা ।

৬। উপ-পরিচালক , প্রশাসন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।

৭। উপসচিব (প্রশাসন-১/৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। সহকারী পরিচালক ( প্রশাসন-১/২), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।

৯। প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১/২/৩/৪ ), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা ।

১০। অফিস কপি ।

20.4.26

( অধ্যাপক ডাঃ জালাল উদ্দিন মোহাম্মদ রুমী)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা ।

' ছক '

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | বর্তমান সরকার ক্ষমতা গ্রহনের পূর্বে (অর্থাৎ ১০/০২/২০২৬ইং তারিখ পর্যন্ত ) নিয়োগ সংক্রান্ত তথ্য | | | | বর্তমান সরকার ক্ষমতা গ্রহনের পরে (অর্থাৎ ১৫/০২/২০২৬ইং তারিখ হইতে অদ্যাবধি) নিয়োগ সংক্রান্ত তথ্য | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ছাড়পত্র গ্রহনের স্মারক নম্বর, তারিখ ও মেয়াদ | ছাড়কৃত পদের সংখ্যা ও গ্রেড(১১-১৬) | নিয়োগের সর্বশেষ অগ্রগতি | নিয়োগ সম্পন্ন না হলে তার কারণ | ছাড়পত্র গ্রহনের স্মারক নম্বর, তারিখ ও মেয়াদ | ছাড়কৃত পদের সংখ্যা ও গ্রেড (১১-১৬) | নিয়োগের সর্বশেষ অগ্রগতি | নিয়োগ সম্পন্ন না হলে তার কারণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |